

কালের বর্ধ

আপডেট : ২৭ সেপ্টেম্বর, ২০১৬ ২১:৫৪

বিনা মূল্যে প্রশিক্ষণ, মিলতে পারে চাকরিও

প্রশিক্ষণ শেষে মিলবে সনদ, কোনোটিতে সহায়তা করা হবে চাকরির বিষয়েও। কয়েকটি প্রশিক্ষণের খোঁজ জানাচ্ছেন সাইফুল ইসলাম



৯০ জনকে প্রশিক্ষণ দেবে শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র

স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আওতায় মেশিনশপ, ওয়েল্ডিং ও ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ট্রেডে ৩০ জন করে মোট ৯০ জনকে বিনা মূল্যে প্রশিক্ষণ দেবে বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)। প্রশিক্ষণার্থীদের কারখানায় চাকরি পাওয়ায় সহায়তা করা হবে। জেএসসি পাস হতে হবে। প্রশিক্ষণের সব খরচ বহন করবে স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি)। ২ অক্টোবর সকাল ৯টায় মৌখিক পরীক্ষা হবে। প্রশিক্ষণের মেয়াদ তিন মাস এবং শিল্প কারখানায় ব্যবহারিক প্রশিক্ষণের মেয়াদ এক মাস। আবেদন করার সময় সব শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম সনদ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা কাউন্সিলরের দেওয়া নাগরিকত্ব সনদপত্র, সদ্যতোলা এক কপি পাসপোর্ট ও এক কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে।

যোগাযোগ

ঢাকা : তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮

ফোন : ০২৮৮৭০৫৬২

খুলনা : প্লট নম্বর-আর ১-৪, কেডিএ শি/এ, খুলনা-৯২০৪, ফোন : ০৪১৭৮৬০৫০

মোবাইল : ০১৭৪৯০৬০৫০০

বগুড়া : নিশিন্দারা, কারবালা, বগুড়া-৫৮০০

ফোন : ০৫১৫১৯৩১, মোবাইল : ০১৭২৮৬২১৪৩৮

চট্টগ্রাম : সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম-৪২১৯, ফোন : ৩১৭৫১৪৭৭, পিএবিএক্স : ৭৫১৫৭৬, ৭৫০০০৩

বিনা মূল্যে প্রশিক্ষণ পাবে নারী

অবিবাহিত, তালাকপ্রাপ্তা, দুস্থ ও অসহায় বিধবা ও স্বামী পরিত্যক্তা ৫০ মহিলাকে ৫টি ট্রেডে বিনা মূল্যে প্রশিক্ষণ দেবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়স্বতন্ত্র মহিলা বিষয়ক অধিদপ্তর। আগামী ১ অক্টোবর পর্যন্ত আবেদন করা যাবে। শেরপুরের নালিতাবাড়ী উপজেলা কর্মজীবী মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টারে এ প্রশিক্ষণ দেওয়া হবে। নার্সারি বা হার্টিকালচার, কৃষি যন্ত্রপাতি মেরামতকরণ, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, ইলেকট্রনিকস এসেম্বলিং বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। সব কাজের প্রশিক্ষণের জন্য এসএসসি বা জেএসসি পরীক্ষায় পাস হতে হবে। প্রশিক্ষণের মেয়াদ তিন মাস। প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩৫ বছর। প্রশিক্ষণের জন্য কোনো ফি গুনতে হবে না। প্রশিক্ষণ শেষে কাজের মূল্যায়নের ভিত্তিতে দেওয়া হবে সনদ। প্রশিক্ষণার্থীদের সরকারি ব্যবস্থাপনায় বিনা মূল্যে থাকা ও খাওয়ার ব্যবস্থা করা হবে। এ ছাড়া আবাসিকদের জন্য মাসিক ৩০০ টাকা হারে ভাতা দেওয়া হবে। প্রশিক্ষণ শেষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সনদ দেওয়া হবে। চাকরি পাওয়ার ক্ষেত্রে সহায়তাও করা হবে।

ভর্তি পরীক্ষা হবে ১ অক্টোবর সকাল ১০টায় ট্রেনিং সেন্টারে। ওই দিনই পরীক্ষার ফলাফল দেওয়া হবে। আর সেদিনই বিকেলে ভর্তি হতে হবে। পরের দিন থেকে শুরু হবে প্রশিক্ষণ।

মহিলাদের আধুনিক গার্মেন্টস, দর্জি বিজ্ঞান ও বেসিক কোর্সে প্রশিক্ষণ দেবে দিনাজপুর মহিলা বিষয়ক অধিদপ্তর। কোর্সগুলোতে আবেদনের জন্য শিক্ষাগত যোগ্যতা হতে হবে অষ্টম শ্রেণি পাস। আগ্রহী প্রার্থীদের নাম, পিতা বা স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ফোন বা মোবাইল নম্বরসহ সাদা কাগজে সংশ্লিষ্ট কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন করতে হবে। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, নাগরিকত্ব সনদপত্র জমা দিতে হবে। প্রার্থীর বয়স হতে হবে ১৮-৩৫ বছর। ২৮ সেপ্টেম্বর সকাল ১০টার মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রে উপস্থিত থাকতে হবে। নির্বাচিত প্রশিক্ষণার্থীদের ৩ অক্টোবর ভর্তি হতে হবে। প্রশিক্ষণার্থীদের আবাসিক ব্যবস্থা ও বিনা মূল্যে তিনবেলা খাওয়ার ব্যবস্থা করা হবে। আবাসিক সব প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ ভাতা দেওয়া হবে। প্রশিক্ষণ শেষে দেওয়া হবে সনদপত্র।

যোগাযোগ

নালিতাবাড়ী উপজেলা কর্মজীবী মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার, মহিলা বিষয়ক অধিদপ্তর, নালিতাবাড়ী, শেরপুর। ফোন : ০১৭৮৭৫৫৯২৭০, ০১৬২১২৫৫৫৬৭, ০১৭৪০৬২৭৩৬০, ০১৫৩৬২২৩৬১১, ০১৬৮০৫৪০০০৬

মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর।

ফোন : ০৫৩১৬৫০৪৩

শিখতে চাইলে গাড়ি চালনা

গাড়ি চালনা বিষয়ে প্রশিক্ষণ কোর্সের আয়োজন করেছে বিআরটিসি ট্রেনিং ইনস্টিটিউট। বেসিক ড্রাইভিংয়ের (হালকা গাড়ি) জন্য চার সপ্তাহ প্রশিক্ষণে কোর্স ফি ৬ হাজার টাকা। বেসিক ড্রাইভিং (ভারী গাড়ি) কোর্সে প্রশিক্ষণের মেয়াদ ৮ সপ্তাহ, কোর্স ফি ৯ হাজার টাকা। আপগ্রেডিং (হালকা) কোর্সে প্রশিক্ষণের মেয়াদ ২ সপ্তাহ, ফি সাড়ে ৩ হাজার টাকা। আপগ্রেডিং (ভারী) কোর্সে প্রশিক্ষণের মেয়াদ ৪ সপ্তাহ, কোর্স ফি সাড়ে ৪ হাজার টাকা। মোটরসাইকেল কোর্সে প্রশিক্ষণের মেয়াদ ২ সপ্তাহ, কোর্স ফি সাড়ে ৩ হাজার টাকা।

যোগাযোগ

ট্রেনিং ম্যানেজার, বিআরটিসি কেন্দ্রীয় মেরামত কারখানা, ৩২ শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা। ফোন : ৯১২৫১৩২, মোবাইল : ০১৯২৬৮৫০৭২৮

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

উপদেষ্টা সম্পাদক : অমিত হাবিব,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স :

০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com